**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 04-04-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) ধর্মনগরের উপনির্বাচনে পোস্টাল ব্যালটের ভোট গ্রহনের কাজ আজ শেষ হয়েছে|**

**(২) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, জনজাতিদের কৃষ্টি, সংস্কৃতি ও আর্থ সামাজিক মানোন্নয়নে রাজ্য সরকার নিরলসভাবে কাজ করছে |**

**(৩) পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস মন্ত্রণালয় জানিয়েছে, সরকার সারাদেশে পেট্রোল, ডিজেল ও এলপিজির সরবরাহ নিশ্চিত করতে সর্বাত্মক চেষ্টা করছে।**

**(৪) ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত কাজল স্মৃতি ফুটবলের আজ দুটি খেলা অনুষ্ঠিত হয়।**

*************************************************************

**Bye Election-Postal Ballot :**

ধর্মনগরের উপনির্বাচনে পোস্টাল ব্যালটের ভোট গ্রহনের কাজ আজ শেষ হয়েছে| নির্বাচনের কাজে নিযুক্ত ভোটকর্মী, নিরাপত্তা কর্মী ও অন্যান্য কর্মীগণ গতকাল ও আজ পোস্টাল ব্যালটে ভোট দিয়েছেন| রিটার্নিং অফিসার দেবযানী চৌধুরী জানিয়েছেন, ধর্মনগরের বীর বিক্রম ইনস্টিটিউশনে গতকাল ৯৯ জন এবং আজ ৭০ জন পোস্টাল ব্যালটে ভোট দেন|

***************************

**ECINET:**

নির্বাচন কমিশন জানিয়েছে, ভোটাররা ECINET প্ল্যাটফর্ম ব্যবহার করে তাদের বিধানসভা কেন্দ্রের প্রার্থীদের শিক্ষাগত যোগ্যতা এবং ফৌজদারি রেকর্ড

সংক্রান্ত বিস্তারিত তথ্য জানতে পারবেন। ভোটাররা প্রার্থীদের দাখিল করা সম্পূর্ণ হলফনামাও ডাউনলোড করতে পারবেন। ECINET হলো বিশ্বের বৃহত্তম নির্বাচনী পরিষেবা প্ল্যাটফর্ম, যা নির্বাচন কমিশনের ৪0টিরও বেশি অ্যাপ ও পোর্টালকে একীভূত করেছে৷

***************************

**Vice President:**

উপরাষ্ট্রপতি সি.পি. রাধাকৃষ্ণন জাতি গঠনে শিক্ষার ভূমিকার ওপর গুরুত্বারোপ করেছেন। আজ মোতিহারিতে মহাত্মা গান্ধী কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ের তৃতীয় সমাবর্তন অনুষ্ঠানে তিনি পণ্ডিত ও অনুষদ সদস্যদের সমাবেশে ভাষণ দিচ্ছিলেন। উপরাষ্ট্রপতি মেধাবী শিক্ষার্থীদের অসামান্য সাফল্যের জন্য স্বর্ণপদক প্রদান করেন। এরপর, উপরাষ্ট্রপতি পশ্চিম চম্পারণের গৌনাহা ব্লকের ভীতিহারওয়া গান্ধী আশ্রম পরিদর্শন করেন, যেখানে তিনি জাতির পিতা মহাত্মা গান্ধীর প্রতি শ্রদ্ধা নিবেদন করেন।

***************************

**CM- Gandachara:**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, জনজাতিদের কৃষ্টি, সংস্কৃতি ও আর্থ সামাজিক মানোন্নয়নে রাজ্য সরকার নিরলসভাবে কাজ করছে৷ আজ ধলাই জেলায় গন্ডাতুইসায় এডিসি নির্বাচনে গঙ্গানগর-গন্ডাছড়া কেন্দ্রের বিজেপি প্রার্থী ভূমিকানন্দ রিয়াং এবং রাইমাভ্যালী কেন্দ্রে বিজেপি প্রার্থী সমীর রঞ্জন ত্রিপুরার সমর্থনে নির্বাচনী জনসমাবেশে বক্তব্য রাখতে গিয়ে তিনি একথা বলেন। মুখ্যমন্ত্রী বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির নেতৃত্বাধীন কেন্দ্রীয় সরকার এডিসি এলাকায় উন্নয়নের জন্য বহু প্রকল্পের বাস্তবায়ন করেছে। রাজ্য সরকার সমাজের অন্তিম ব্যক্তি পর্যন্ত উন্নয়নের সুফল পৌঁছে দিতে নিরলসভাবে কাজ

করে যাচ্ছে। তিনি জনজাতি শিক্ষার্থীদের জন্য ছাত্রাবাস নির্মাণ, জমির পাট্টা প্রদান এবং জনজাতি বহুমুখী বিপণন কেন্দ্র স্থাপনের কথাও উল্লেখ করেন।

সমাবেশে বক্তব্য রাখেন প্রাক্তন সাংসদ রেবতী ত্রিপুরা, বিজেপি'র জনজাতি মোর্চার সভাপতি পরিমল দেববর্মা প্রমুখ|

***************************

**ADC Campaign:**

বিজেপির রাজ্য সভাপতি তথা সাংসদ রাজীব ভট্টাচার্য আজ এডিসি'র দামছড়া-জম্পুই কেন্দ্রের বিজেপি প্রার্থী রবীন্দ্র রিয়াং এর সমর্থনে কাচকাও পাড়া ব্রু শরণার্থী শিবিরে আয়োজিত নির্বাচনী জনসভায় বক্তব্য রাখেন|

পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী আজ এডিসি'র জিরানীয়া আসনে বিজেপি প্রার্থী অভিজিৎ দেববর্মার সমর্থনে মান্দাই এর খুম্পুই কমিউনিটি হলে আশিঘর এডিসি ভিলেজ কমিটির কার্যকর্তাদের নিয়ে সম্মেলন ও নির্বাচনী সভায় অংশগ্রহণ নেন।

এদিকে, এডিসির কাঁঠালিয়া-মির্জা-রাজাপুর এবং বীরচন্দ্র-কলসী আসনের বিজেপি প্রার্থীদের সমর্থনে মনপাথর বাজারে মিছিল ও সভায় অংশগ্রহন করেন অর্থমন্ত্রী প্রনজিত সিংহ রায়, বিধায়ক প্রমোদ রিয়াং প্রমুখ৷

এই দুটি আসনে তিপ্রামথা প্রার্থীদের সমর্থনে আয়োজিত সভায় বক্তব্য রাখেন তিপ্রামথার বিধায়ক রনজিত দেববর্মা| বীরচন্দ্র-কলসী আসনের সিপিআই প্রার্থীর সমর্থনে জোলাইবাড়ি ব্লকের আভাংছড়া ভিলেজের সভায় প্রাক্তন বিধায়ক প্রভাত চৌধুরী বক্তব্য রাখেন৷ এই আসনে আইপিএফটি প্রার্থীর সমর্থনে কলসী বাজারের সভায় বক্তব্য রাখেন আইপিএফটি নেতা মানিক ত্রিপুরা|

তাছাড়া, ধর্মনগর বিধানসভার কেন্দ্রের উপনির্বাচনে আজ ধর্মনগর কালিদিঘির পাড়ে কংগ্রেস প্রার্থী চয়ন ভট্টাচার্যের সমর্থনে এক নির্বাচনী সভা অনুষ্ঠিত হয়। বক্তব্য রাখেন প্রদেশ কংগ্রেস কমিটির ইনচার্জ সপ্তগিরি উলাকা, প্রদেশ সভাপতি আশীষ কুমার সাহা, বিধায়ক সুদীপ রায় বর্মন প্রমুখ।

**************************

**Supreme Court justice:**

সুপ্রিম কোর্টের বিচারপতি এস. ভেঙ্কটনারায়ণ ভাট্টিরাজি রাজ্যে আদালতের বিচারকদের সততা, স্বচ্ছতা ও সাংবিধানিক মূল্যবোধ বজায় রাখার উপর গুরুত্ব আরোপ করেছেন| আজ নরসিংগড়ে বার্ষিক জুডিশিয়াল কনক্লেভে প্রধান অতিথির ভাষণে বিচারপতি শ্রী ভাট্টি বলেন, ট্রায়াল কোর্টের বিচারকদের ভূমিকাই বিচারব্যবস্থার ভিত্তি গড়ে তোলে। তিনি বলেন, ত্রিপুরার বিচার ব্যবস্থাকে শক্তিশালী করে তুলতে এবং ভবিষ্যতে আইনজীবীদের দক্ষ হিসেবে গড়ে তুলতে বিচারকদের আরও বেশি দায়িত্ব নিতে হবে। তিনি জুডিশিয়াল কনক্লেভে আনুষ্ঠানিকতায় সীমাবদ্ধ না থেকে আত্মসমালোচনা, বিশ্লেষণ ও সচেতনতা বৃদ্ধির ক্ষেত্র হিসেবে দেখতে পরামর্শ দেন। বিচারপতি শ্রী ভাট্টি বিচারকদের সতর্ক করে বলেন, ভয় বা প্রভাবের কাছে আত্মসমর্পণ বিচারব্যবস্থার মূল ভিত্তিকেই দুর্বল করে দিতে পারে। অনুষ্ঠানে ত্রিপুরা হাইকোর্টের প্রধান বিচারপতি এমএস রামাচন্দ্র রাও বলেন, বিচারব্যবস্থায় স্বচ্ছ এবং নিরপেক্ষতা বজায় রাখার উপর জোর দেন।অনুষ্ঠানে ভাষণ দেন ত্রিপুরা হাইকোর্টের বিচারপতি সব্যসাচী দত্ত পুরকায়স্থ, এডভোকেট জেনারেল শক্তিময় চক্রবর্তী, বার কাউন্সিল অফ ত্রিপুরার চেয়ারম্যান রতন দত্ত প্রমুখ। উপস্থিত ছিলেন ওড়িশ্যা হাইকোর্টের প্রাক্তন প্রধান বিচারপতি শুভাশিস তলাপাত্র, অন্ধ্রপ্রদেশ হাইকোর্টের বিচারপতি রঘুনানন্দন রাও এবং রাজ্যের সমস্ত আদালতের বিচারকগণ|

***************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে|

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ|

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা|

***************************

**Petrolium Ministry:**

পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস মন্ত্রণালয় জানিয়েছে, সরকার সারাদেশে পেট্রোল, ডিজেল ও এলপিজির সরবরাহ নিশ্চিত করতে সর্বাত্মক চেষ্টা করছে। মন্ত্রক নাগরিকদেরকে আতঙ্কিত হয়ে পেট্রোল ও ডিজেল কেনা এবং অপ্রয়োজনীয়ভাবে এলপিজি বুকিং করা থেকে বিরত থাকার পরামর্শ দিয়েছে। মন্ত্রণালয় নাগরিকদের পিএনজি, ইন্ডাকশনের মতো বিকল্প জ্বালানি ব্যবহারে উৎসাহিত করেছে। গত মাস থেকে ৩ লক্ষ ৫0 হাজারেরও বেশি পিএনজি গ্যাস সংযোগ দেওয়া হয়েছে এবং ৩ লক্ষ ৮0 হাজারেরও বেশি গ্রাহককে নতুন সংযোগের জন্য নিবন্ধিত করা হয়েছে। পর্যাপ্ত অপরিশোধিত তেলের মজুতসহ সমস্ত শোধনাগার উচ্চ ক্ষমতায় কাজ করছে বলে পেট্রোলিয়াম মন্ত্রকের পক্ষ থেকে জানানো হয়েছে।

এদিকে, আজ আগরতলায় খাদ্য দপ্তরের সচিব দেবপ্রিয় বর্ধন সাংবাদিক সম্মেলনে জানিয়েছেন রাজ্যে এলপিজি, পেট্রোল ও ডিজেলের মজুত ও সরবরাহ স্বাভাবিক রয়েছে। তিনি জানান, আর কে নগরে এলপিজি সিলিন্ডার বটলিং প্ল্যান্ট থেকে রাজ্যের ৫ জেলায় এলপিজি সিলিন্ডার সরবরাহ করা হচ্ছে। এছাড়া, শিলচর থেকে আনা এলপিজি সিলিন্ডারগুলিও রাজ্যের বিভিন্ন জেলায় সরবরাহ করা হচ্ছে। তিনি জানান, রাজ্যে পিএনজি সিএনজি সরবরাহ স্বাভাবিক রয়েছে। রাজ্যে বর্তমানে ৭০ হাজার পিএনজি ডোমেস্টিক কানেকশন রয়েছে। রাজ্য ও জেলাস্তরে মনিটরিং সেল প্রতিনিয়ত জ্বালানি সরবরাহ স্বাভাবিক রাখতে পর্যবেক্ষণ করে যাচ্ছে। তাছাড়া রাজ্যে নিত্য প্রয়োজনীয় খাদ্য সামগ্রীও পর্যাপ্ত মজুত রয়েছে| চাল ডাল তেলের দাম স্বাভাবিক রাখতে বাজার গুলিতে খাদ্য দপ্তর ও মহকুমা প্রশাসন যৌথভাবে নজরদারি চালিয়ে যাচ্ছে।

সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন খাদ্য অধিকর্তা সুমিত লোধ, আইওসি স্টেট লেভেল কোঅর্ডিনেটর প্রমিত ধর প্রমুখ।

***************************

**LPG:**

আরও একটি ভারতীয় পতাকাবাহী এলপিজি (LPG) ট্যাঙ্কার, 'গ্রিন সানভি' (Green Sanvi), যুদ্ধ-বিধ্বস্ত হরমুজ প্রণালী পার হয়ে এখন ভারতের পথে রয়েছে। সরকারি সূত্র জানিয়েছে যে, পশ্চিম এশিয়া সংঘাত শুরু হওয়ার পর থেকে 'গ্রিন সানভি' হলো হরমুজ প্রণালী অতিক্রমকারী সাত নম্বর ভারত-মুখী এলপিজি ট্যাঙ্কার।

***************************

**High Court Day :**

আজ ত্রিপুরা হাইকোর্টের প্রতিষ্ঠা দিবস উদযাপিত হয়েছে। ত্রিপুরা হাইকোর্ট চত্বরে এ উপলক্ষে সন্ধ্যায় সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে উপস্থিত আছেন রাজ্যপাল ইন্দ্রসেনা  রেড্ডি নাল্লু, সুপ্রিম কোর্টের বিচারপতি এস. ভেঙ্কটনারায়ণ ভাট্টি, ত্রিপুরা হাইকোর্টের প্রধান বিচারপতি এমএস রামাচন্দ্র রাও, বিচারপতি ডঃ টি অমরনাথ গৌড় প্রমুখ|

**************************

**CM- Mungiyakami:**

মুঙ্গিয়াকামি আর.ডি ব্লকের অন্তর্গত রামকৃষ্ণপুর এডিসি গ্রামে গতকাল রাতে হাতির আক্রমনে মনিমালা দেববর্মা নামে এক মহিলার মৃত্যু হয়| মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আজ মুঙ্গিয়াকামিতে যান, শোকসন্তপ্ত পরিবারটির সাথে দেখা করেন এবং তাদের প্রতি সমবেদনা জ্ঞাপন করেন। উল্লেখ্য, হাতির আক্রমণে নিহত মনিমালা দেববর্মার পরিবারের হাতে বন দপ্তরের পক্ষ থেকে এক লক্ষ টাকা এবং স্টেট ডিজাস্টার রিলিফ ফান্ড থেকে চার লক্ষ টাকা আর্থিক সহায়তা প্রদান করা হয়েছে।

**************************

**Dol Utsav/KAILASHAHAR:**

বসন্ত ঋতু উপলক্ষ্যে "দোল উৎসব- ২০২৬" আজ ঊনকোটি জেলা সদর কৈলাশহরে পালিত হয়। কৈলাশহর পুর পরিষদ ও তথ্য-সংস্কৃতি দপ্তর আয়োজিত এই উৎসব উপলক্ষ্যে এক বর্ণময় শোভাযাত্রা কৈলাশহরের বিভিন্ন পথ পরিক্রমা করে। উদ্বোধন করেন, ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ। বক্তব্য রাখেন, কৈলাশহর পুর পরিষদের চেয়ারপার্সন চপলা রাণী দেবরায়|

**************************

**Kajal Smiti Football:**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত কাজল স্মৃতি ফুটবলের আজ দুটি খেলা হয়। উমাকান্ত মিনি স্টেডিয়ামে অনুষ্ঠিত প্রথম খেলায় মতিনগর ক্রীড়া একাডেমি ৪-0 গোলে আগরতলার ডনবস্কো স্কুলকে পরাজিত করে। পরে, দ্বিতীয় খেলায় মান্দাই-এর ডনবস্কো স্কুল ৬-0 গোলে এ ডি নগর স্কুলকে হারিয়ে দেয়।

***************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় উত্তর জেলা, ধলাই, ঊনকোটি, খোয়াই, সিপাহীজলা ও পশ্চিম জেলাতে ৪0 থেকে ৫0 কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া সহ বৃষ্টির সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। তাছাড়া, দক্ষিণ ও গোমতী জেলায় ৩0 থেকে ৪0 কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া সহ বৃষ্টির সম্ভাবনা রয়েছে| আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৪ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৩.২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬.৫ ডিগ্রি সেলসিয়াস।

***************************

***************************